



অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 1/5/2024

গভর্নর ক্যাথি হোকল

গভর্নর হোকল সাবওয়ে লাইনচ্যুতির পরবর্তীতে বিকাল 5:00টা থেকে 1 এবং 3 লাইনে সীমিত সেবা পুনঃস্থাপিত হওয়ার ঘোষণা করলেন

5 লাইনে দুইটি চলবে 2 ট্রেন

লাইনচ্যুতির একদিন পর এই পুনঃস্থাপন হচ্ছে

গভর্নর ক্যাথি হোকল আজকে ঘোষণা করলেন যে আজকে বিকাল 5:00টা থেকে পুনরায় খুলে দেওয়া 96 স্ট্রিট স্টেশনের 1 এবং 3 লাইনে যাওয়া আসার জন্য মেট্রোপলিটন পরিবহন কর্তৃপক্ষের (Metropolitan Transportation Authority, MTA) নিউ ইয়র্ক সিটি ট্রানজিট (New York City Transit) সীমিত সাবওয়ে সেবা পুনঃস্থাপন করবে। লাইনচ্যুত ট্রেন থেকে যাত্রীদের নিরাপদে সরিয়ে নেওয়া শেষ হওয়ার একদিন পর এই পুনঃস্থাপন হচ্ছে। 96 স্ট্রিট 1 2 3 স্টেশনের এই ঘটনায় আনুমানিক 300 যাত্রী বহনকারী একটি যাত্রীবাহী ট্রেন এবং অন্য একটি স্টেশনে সেবা থেকে সরিয়ে নেওয়া ভেঙ্গে যাওয়া একটি ট্রেন জড়িত ছিলো।

"নিউ ইয়র্কবাসীদের জন্য অত্যাবশ্যকীয় এই সাবওয়ে সেবা নিরাপদে পুনঃস্থাপন করতে MTA রাতদিন কাজ করছে," **গভর্নর হোকল বলেন।** "গতকাল যাত্রীদের দ্রুত ঘটনাস্থল থেকে সরিয়ে নিতে সক্ষম আমাদের সকল প্রথম সাড়া দানকারী, এবং যত দ্রুত সম্ভব সম্পূর্ণ সেবা পুনঃস্থাপন করা নিশ্চিত করতে কাজ করতে থাকা কর্মীদের প্রতি আমি কৃতজ্ঞ।"

MTA প্রধান এবং প্রধান নির্বাহী কর্মকর্তা জ্যানো লিবার বলেন, "নিউ ইয়র্কের সাবওয়ে ব্যবস্থা অত্যন্ত স্থিতিস্থাপক এবং বার বার তারা দ্রুত ঘুরে দাঁড়ানোর সক্ষমতা প্রদর্শন করেছে। এই ঘটনার পর, MTA দলগুলি সরাসরি সেবা পুনরায় স্থাপিত করতে দিনে 24 ঘণ্টা কাজ করেছে, এবং সম্পূর্ণ সেবা পুনঃস্থাপিত হওয়ার আগ পর্যন্ত আমরা তা চালিয়ে যাবো।"

1 এবং 3 ট্রেন দুইটি অংশে সীমিত সেবা প্রদান করবে এবং বাদ পড়া স্টেশনগুলিতে শাটল বাস সেবা প্রদান করা হবে। 1 ট্রেনটি এর ভ্যান কটল্যান্ড পার্ক-242 স্ট্রিটের নর্দার্ন টার্মিনাস থেকে 96 স্ট্রিট পর্যন্ত এবং টাইমস স্কয়ার-42 স্ট্রিট থেকে সাউথ ফেরি পর্যন্ত উভয় দিকে যাত্রা করবে। 3 ট্রেনটি এর হার্লেম-148 স্ট্রিটের নর্দার্ন টার্মিনাস থেকে 96 স্ট্রিট পর্যন্ত এবং টাইমস স্কয়ার-42 স্ট্রিট থেকে নিউ লটস অ্যাভিনিউ পর্যন্ত উভয় দিকে যাত্রা করবে। 96 স্ট্রিট এবং টাইমস স্কয়ার-42 স্ট্রিটের মধ্যে উভয় দিকের যাত্রার গ্রাহকদের জন্য শাটল বাস সেবা প্রদান করা হবে। 2

ট্রেনটি 5 লাইনে চলাচল করতে থাকবে। বাড়তি ট্র্যাক পরিষ্কার এবং সকল প্রয়োজনীয় মেরামত সম্পূর্ণ হওয়ার আগ পর্যন্ত সেবায় এইসব পরিবর্তন কার্যকর থাকবে।

4 জানুয়ারি, বৃহস্পতিবার, আনুমানিক দুপুর 3:00টার সময়, ধীরগতিতে চলমান দুইটি ট্রেন 96 স্ট্রিট স্টেশন ছেড়ে উত্তর দিকে যাত্রা করছিলো, তখন তারা একে অন্যের সাথে ধাক্কা খায় এবং উভয় ট্রেন লাইনচ্যুত হয়। কোনো মারাত্মক হতাহতের ঘটনা জানা যায়নি।

ঘটনার পর, ট্র্যাকে থেকে যাওয়া তিনটি কার পুনরায় লাইনে স্থাপন করতে কর্মীরা রাতের মধ্যে এবং শুক্রবার দিনে উল্লেখজনক অগ্রগতি করে। যাত্রীদের সেবাদানকারী ট্রেনটি অপসারণ করা হয়েছে এবং কর্মীরা বর্তমানে স্থানীয় ট্র্যাকে লাইনচ্যুত হওয়া ভেঙ্গে যাওয়া যাত্রীবিহীন ট্রেনটি নিয়ে কাজ করছে এবং এলাকার পরিদর্শন করছে ও 1 2 3 তে সম্পূর্ণ সেবা পুনঃস্থাপন সম্ভব করার জন্য ট্র্যাক ও অবকাঠামোতে প্রয়োজনীয় সকল মেরামত কাজ করছে।

লাইনচ্যুতির কারণ সন্ধানে জাতীয় পরিবহন নিরাপত্তা বোর্ডের (National Transportation Safety Board, NTSB) তদন্ত এখনো চলছে। সেবার সর্বশেষ তথ্যের জন্য গ্রাহকদেরকে mta.info এবং MYmta অ্যাপ দেখার পরামর্শ দেওয়া হচ্ছে।

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে www.governor.ny.gov -এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418
গভর্নরের অফিস থেকে আপডেট পেতে সাইন-আপ করুন: ny.gov/signup | NEW YORK লিখে 81336 নম্বরে
টেক্সট পাঠান

[আনসাবস্কাইব করুন](#)